# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 06-04-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ওয়াকফ সংশোধনী বিলে সই করায় সেটি আইনে পরিণত হয়েছে।

২) চিরাচরিত ধর্মীয় উৎসাহ উদ্দীপনার সঙ্গে আজ রাজ্য জুড়ে পালিত হচ্ছে রামনবমী।

৩) সুপ্রিম কোর্টের রায়ে চাকরীহারা শিক্ষক অশিক্ষকদের একাংশ, আগামী ২১ শে এপ্রিল নবান্ন অভিযানের ডাক দিয়েছে।

৪) বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প দেশে দারিদ্র নির্মূলীকরণে সহায়ক হয়েছে বলে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ মন্তব্য করেছেন।

৫) অস্বাভাবিক হৃদস্পন্দন গতির চিকিৎসায় এক নতুন নজির গড়েছে কল্যাণী এইমস।

৬) রাজ্যে একাধিক জেলায় কালবৈশাখীর পূর্বাভাস।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ওয়াকফ সংশোধনী বিলে সই করেছেন। এর ফলে সংসদে পাশ হওয়া বিলটি আইনে পরিণত হল। গত বুধবার গভীর রাতে সরকার ও বিরোধী পক্ষের দীর্ঘ বিতর্কের পরে লোকসভায় ৫৬ ভোটের ব্যবধানে পাশ হয়েছিল ওয়াকফ সংশোধনী বিল। পক্ষে পড়েছিল ২৮৮টি ভোট। বিপক্ষে পড়েছিল ২৩২টি

ভোট। বৃহস্পতিবার ১২৮-৯৫ ভোটে রাজ্যসভায় পাশ হয়েছিল এই সংশোধনী বিল। লোকসভা ও রাজ্যসভায় পাশ হওয়া বিলটি অনুমোদনের জন্য রাষ্ট্রপতি ভবনে যায়। রাষ্ট্রপতি, মুসলমান ওয়াকফ রদ বিল, ২০২৫-এও সম্মতি দিয়েছেন।

---------------------

চিরাচরিত ধর্মীয় উৎসাহ ও উদ্দীপনায় আজ রাজ্য জুড়ে রামনবমী উৎসব পালিত হচ্ছে। এই উপলক্ষে কলকাতা সহ রাজ্যের জেলাগুলিতে আয়োজন করা হচ্ছে মিছিল, শোভাযাত্রার। উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যপক প্রস্তুতি রেখেছে প্রশাসনও। কলকাতায় সাড়ে ৩ থেকে ৪ হাজার পুলিশকর্মীকে নিরাপত্তা দেখভালের দায়িত্বে রাখা হচ্ছে। সারা রাজ্যে বিশেষ দায়িত্বে থাকছেন ২৯ জন আইপিএস অফিসার। পুলিশের অনুমতি নিয়ে আজ কলকাতায় প্রায় ৬০টি এবং রাজ্য জুড়ে ছোট বড় মিলিয়ে প্রায় আড়াই হাজার মিছিল বেরোবে বলে জানা গিয়েছে। শহরের বুকে বড় মিছিল গুলিতে ডেপুটি কমিশনার, পুলিশের যুগ্ম অধিকর্তা পদমর্যাদার আধিকারিকেরা উপস্থিত থাকবেন। ওসি, ডিসি, এসি, জয়েন্ট সিপি-সহ পুলিশের পদস্থ আধিকারিকদের দায়িত্ব ভাগ করে দেওয়া হচ্ছে। যে যে রাস্তায় মিছিল যাবে, সেখানে পুলিশ পিকেটিং থাকবে। ড্রোন, সিসিটিভি এবং ভিডিয়োগ্রাফির মাধ্যমে নজরদারির ব্যবস্থা করা হচ্ছে। গতবার হাওড়া সহ কয়েকটি এলাকায় অশান্তির ঘটনার প্রেক্ষিতে প্রশাসন সে সব জায়গায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। আসানসোল দুর্গাপুর সহ বেশ কয়েকটি জায়গায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। নির্দেশ দেওয়া হয়েছে কন্ট্রোল রুম চালু করার। সচিবালয় নবান্নেও খোলা হয়েছে কন্ট্রোল রুম। প্রশাসনের তরফে ইতমধ্যেই ডিজে সাউন্ড বাজানোর উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এদিকে পুলিশ কমিশনার মনোজ ভার্মা গতকাল কলকাতায় রামনবমীর প্রস্তুতি খতিয়ে দেখেন। হাইকোর্টের নির্দেশ মত মিছিল যাতে হয় পুলিশ সেদিকে নজর রেখেছে বলে তিনি জানিয়েছেন।

বাইট

রাজ্যপাল সি ভি আনন্দ বোস মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শান্তি শৃঙ্খলা বজায় রেখে উৎসব পালন করতে রাজ্যবাসীর কাছে আবেদন জানিয়েছেন।

বিজেপি শান্তিপূর্ণভাবে রামনবমী পালনের বার্তা দিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক ভিডিও বার্তায় বলেন, লক্ষাধিক বাঙালি পথে নেমে রামনবমী পালন করবে। রাম নবমী পালনের মতো স্বাভাবিক বিষয় নিয়ে প্রশাসন অযথা উত্তেজনা তৈরি করছে বলে অভিযোগ করেছেন দলের মুখপাত্র শমীক ভট্টাচার্য্য ।

বাইট

বিশ্ববিদ্যালয়ের অনুমতি না মিললেও ছাত্র সংগঠন ABVP যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে রাম নবমী উদযাপন করবে। ABVP র যাদবপুর বিশ্ববিদ্যালয় এর ইউনিট প্রেসিডেন্ট নিখিল দাস এক সাংবাদিক সম্মেলনে একথা ঘোষণা করেন।

------------------------

সরকারের সদিচ্ছার অভাবেই শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীরা চাকরি হারিয়েছেন এই অভিযোগ তুলে চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ, নবান্ন অভিযানের ডাক দিয়েছেন। গতকাল কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে আগামী একুশে এপ্রিল এই অভিযানের কথা ঘোষণা করেছে **পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরি প্রার্থী, চাকরিজীবী ও চাকরিহারা ঐক্য মঞ্চ।** আগামী **১৫ই** এপ্রিল এর মধ্যে রাজ্য সরকার যদি প্রতিটি সংগঠনের সঙ্গে বসে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের চেষ্টা না করে তাহলে

বৃহত্তর আন্দোলনের পথে হাঁটা হবে বলে ঐক্য মঞ্চের তরফে জানানো হয়েছে। মঞ্চের পক্ষে শুভদীপ ভৌমিক গতকাল বলেন চাকরিহারা শিক্ষক শিক্ষিকারা কোন বেকার ভাতা চান না।

বাইট

এদিকে প্রায় ২৬ হাজার শিক্ষকের চাকরি বাতিলের পিছনে কোনও রাজনৈতিক ষড়যন্ত্র রয়েছে কিনা সেই প্রশ্ন তুলেছেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। তিনি মমতা ব্যানার্জী সরকারের উপর আস্থা রাখার কথা বলেছেন।

বাইট

চাকরি বাতিলে রাজ্য সরকারের ভূমিকার সমালোচনা করে যোগ্য অযোগ্যদের আলাদা করার দাবি জানিয়েছেন বিজেপি নেতা দিলীপ ঘোষ।

বাইট

শিক্ষক-অশিক্ষক কর্মীদের চাকরীর নিরাপত্তার দাবীতে বিজেপির শিক্ষক সেল গতকাল শিলিগুড়ির গান্ধী মূর্তির পাদদেশে অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালন করে। উপস্থিত ছিলেন শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ।

কংগ্রেস চাকরি হারা শিক্ষক শিক্ষাকর্মীদের পাশে থাকার বার্তা দিয়েছে । চাকরি হারা শিক্ষকদের পাঁচজনকে নিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার গতকাল লোকসভার বিরোধী দল নেতা রাহুল গান্ধীর সঙ্গে দিল্লিতে সাক্ষাৎ করেন। ২৫ হাজার ৭৫২ জন শিক্ষক-অশিক্ষক কর্মহীন হয়ে পড়ায় তাঁরা চরম অনিশ্চয়তা, সংকট ও হতাশার সম্মুখীন হয়েছেন বলে শুভঙ্কর বাবু রাহুল গান্ধীকে অবগত করেছেন। এদিকে

প্রদেশ কংগ্রেসের সাধারন সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায় গতকাল কলকাতা প্রেস ক্লাবে গিয়ে চাকরিহারা শিক্ষক অশিক্ষক দের সঙ্গে সাক্ষাৎ করেন।

-----------------------

এসএসসি প্যানেল বাতিলের ফলে শিক্ষকের সংখ্যা নিয়ে উদ্বেগ তৈরি হলেও মাধ্যমিক পরীক্ষার ফলাফল নির্দিষ্ট সময়ে প্রকাশিত হবে বলে মধ্যশিক্ষা পর্ষদ সূত্রে জানা গেছে। ইতিমধ্যেই মাধ্যমিকের খাতা দেখা ও ত্রুটিনির কাজও প্রায় শেষের পথে বলে পর্ষদ সূত্রের খবর। প্রসঙ্গত মে মাসের প্রথম সপ্তাহে মাধ্যমিকের ফল প্রকাশের সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগে জানিয়েছেন, যাঁদের চাকরি বাতিল হয়েছে তাঁদের মধ্যে ১১ হাজার ৬১০ জন নবম ও দশম শ্রেণিতে পড়াতেন। ৫৫৯৬ জন পড়াতেন একাদশ ও দ্বাদশ শ্রেণিতে। শিক্ষক স্বল্পতার বিষয়টি মাধ্যমিকের ফল প্রকাশের ক্ষেত্রে খুব একটা প্রভাব ফেলবে না বলেই মনে করছেন মধ্যশিক্ষা পর্ষদের কর্তারা।

-----------------------

কয়লা উৎপাদনে ইস্টার্ণ কোল্ডফিল্ড লিমিটেড বা ইসিএল সর্বকালীন রেকর্ড করেছে। সংস্থার ম্যানেজিং ডিরেক্টর সতীশ ঝা, সাঁকতোড়িয়ায় সংস্থার সদর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলন করে জানিয়েছেন, ২০২৪-২৫ অর্থবর্ষে ৫২.৩৫ মিলিয়ন টন কয়লা উৎপাদন করেছে সংস্থা। যা ২০১৯-২০ অর্থ বর্ষে রেকর্ড ৫০.৪০ মিলিয়ন টনকে

ছাপিয়ে গিয়েছে। ইসিএলের তিনটি এরিয়ায় সবচেয়ে বেশি কয়লা উৎপাদিত হয়েছে। ২০২৫-২৬ অর্থবর্ষে ৫৯ মিলিয়ন টন কয়লা উৎপাদনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে বলে তিনি জানান। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সংস্থার ডাইরেক্ট ফর টেকনিক্যাল অপারেশন নীলাদ্রি রায়, ডাইরেক্টর অফ ফিনান্স মহম্মদ অঞ্জর আলম সহ অন্যান্য আধিকারিকরা।

-----------------------

ভেজাল ওষুধ ঠেকাতে রাজ্য সরকার স্বাস্থ্য দপ্তরের তরফে স্থির করে দেওয়া ওষুধ পরীক্ষা পদ্ধতি অনুসরণ করার জন্য ড্রাগ কন্ট্রোলের আধিকারিকদের নির্দেশ দিয়েছে। বিষয়টি নিয়ে মুখ্য সচিব মনোজ পন্থ গত সন্ধ্যায় স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম এবং ড্রাগ কন্ট্রোলের আধিকারিকদের সঙ্গে নবান্নে বৈঠক করেন। সেখানেই এই নির্দেশ দেওয়া হয়েছে বলে খবর। জাল ওষুধ বিক্রির অভিযোগ এলে সংশ্লিষ্ট জায়গায় তল্লাশি চালিয়ে ওষুধের গুণমান যাচাইয়ের পাশাপাশি নজরদারি বৃদ্ধির কথা বলা হয়েছে। পাশাপাশি সর্বাধিক খুচরো মূল্যের থেকে কোনভাবেই যেন বেশি দামে ওষুধ বিক্রি না করা হয় সেই দিকেও নজর দিতে বলা হয়েছে প্রশাসনকে।

-----------------------

গোটা পৃথিবী আজ ভারতকে বিশ্ব নেতা হিসেবে দেখছে । যে কোনও ক্ষেত্রে ভারতের মতামতকে গুরুত্ব দিচ্ছে বিশ্ব। গতকাল কলকাতায় হিন্দুস্তান ক্লাবের ৮০ তম বার্ষিক সাধারণ সভায় এই মত ব্যক্ত করেছেন প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। কেন্দ্রীয় সরকারের প্রশংসার পাশাপাশি বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প কিভাবে আর্থসামাজিক

ক্ষেত্রে পরিবর্তন এনেছে এবং চরম দারিদ্র প্রায় নির্মূল করেছে, তা ব্যাখ্যা করেন প্রাক্তন রাষ্ট্রপতি।

বাইট কোবিন্দ

শ্রী কোবিন্দ আরো বলেন, দেশের মানুষদের কাছে সরকারি পরিষেবা ও আর্থিক ভর্তুকি পৌঁছে দেওয়ার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এসেছে। আগে দুর্নীতি ও বিলম্ব ছাড়া মানুষের হাতে ভর্তুকির টাকা পৌঁছত না। তিনি জানান, এখন জনধন যোজনার মাধ্যমে প্রান্তিক মানুষের কাছে ব্যাঙ্কিং পরিষেবা পৌঁছে গেছে। দুর্নীতি ও ফড়েদের দাপট কমেছে। এর পাশাপাশি মহিলাদের ক্ষমতায়ন, প্রতিরক্ষা উৎপাদনের মতো বিভিন্ন দিকে দেশের অগ্রগতির কথা তুলে ধরেন তিনি।

----------------------

নদীয়ার কল্যাণী এইমসের কার্ডিওলজি বিভাগ সাফল্যের এক নতুন নজির গড়েছে। ২০ বছর বয়সী এক তরুণী হৃদস্পন্দনের অস্বাভাবিক গতি (AVNRT) সমস্যায় দীর্ঘদিন ভুগছিলেন। ইলেকট্রো ফিজিওলজি স্টাডি ও রেডিও ফ্রিকোয়েন্সি অ্যাব্লেশন (EPS RFA) পদ্ধতি সফলভাবে সম্পন্ন করে তাকে সুস্থ করা গেছে। কল্যানী এইমসের চিকিৎক বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডঃ সঞ্জীব মুখোপাধ্যায় ও ডঃ দীপাঞ্জন ভট্টাচার্য এর নেতৃত্বে এই চিকিৎসা চলে। ইলেকট্রো ফিজিওলজিক্যাল ম্যাপিংয়ের মাধ্যমে ধরা পড়ে সমস্যার কারণ।

ডক্টর দীপাঞ্জন ভট্টাচার্য্য এই পদ্ধতি সম্পর্কে আকাশবাণীকে বিস্তারিত জানিয়েছেন

বাইট

----------------------

রাজ্যে একাধিক জেলায় আগামী সপ্তাহে কালবৈশাখীর পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

আগামীকাল থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় ঝড়বৃষ্টি হতে পারে। বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস থাকছে হাওড়া, দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বীরভূম, মুর্শিদাবাদ এবং নদীয়ায়।

বৃষ্টির পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গেও। আজ থেকেই হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে ২ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

---------------------- ----------------------